ইত্তেফাক



25/10/79

# ঢাকা ও সুন্দরবন সংক্রান্ত চলচ্চিত্রের আনুষ্ঠানিক প্রদর্শনী

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) স্থানীয় একটি হোটেলে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন প্রযোজিত দুইটি পর্যটন সংক্রান্ত চলচ্চিত্র আনুষ্ঠানিকভাবে প্রদর্শন করা হয়। একটি ছবি ঢাকা শহর ও অপরটি সুন্দরবন সম্পর্কে। দেশে বিদেশে পর্যটন উন্নয়ন তৎপরতার অংশ হিসাবে এই ছবি দুইটি নির্মাণ করা হইয়াছে।

বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রী কাজী আনোয়ারুল হক প্রধান অতিথি হিসাবে এবং তথ্য ও বেতারমন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিভিন্ন কূটনৈতিক মিশনের সদস্যবৃন্দ এবং অন্যান্য সুধীবৃন্দ ছবিটি দেখেন।

ছবির নির্মাতা জনাব মোস্তফা মনোয়ার শিল্পসম্মতভাবে ছবি দুইটিতে প্রাকৃতিক পরিবেশ, শিল্প-সংস্কৃতি, প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক নিদর্শন এবং মানুষকে তুলিয়া ধরিয়াছেন। তবে আড়াই লক্ষ টাকা ব্যয়ে স্বল্প সময়ে নির্মিত ছবি দুইটি পর্যটকদের কতখানি আকৃষ্ট করিতে পারিবে তাহা বলা সম্ভব নয়।

এই ছবি দুইটি দেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ও অন্যান্য সংস্থার মাধ্যমে প্রদর্শিত হইবে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে চলচ্চিত্র ক্লাব, বাংলাদেশের দূতাবাস সমূহ, বাংলাদেশ বিমানের অফিসসমূহ এবং অন্যান্য প্রতিনিধির মারফত দেখানো হইবে। ইতিপূর্বে পর্যটন কর্পোরেশন কক্সবাজার ও রাঙ্গামাটির উপর দুইটি চলচ্চিত্র প্রযোজনা করেন।

প্রধান অতিথির ভাষণে কাজী আনোয়ারুল হক বলেন, পর্যটকরা কি চান, কোন জিনিস পর্যটকদের বেশী আকর্ষণ করে তাহা জানার জন্য পর্যটন কর্পোরেশন প্রচেষ্টা চালাইতেছে।

বিশেষ অতিথি জনাব হাবিবুল্লাহ খান নির্মিত চলচ্চিত্র দুইটিকে পর্যটক আকর্ষণ প্রচেষ্টার নব সংযোজন বলিয়া উল্লেখ করেন।